সংরক্ষিত নারী আসনে আ’লীগের মনোনয়ন ফরম কিনলেন মেহেরুন্নেসা বিউটি

দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন কুষ্টিয়া-৩ থেকে আওয়ামী লীগের মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন মহিলা শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও কুষ্টিয়া জেলা মহিলা শ্রমিক লীগের সাধারন সম্পাদক মেহেরুন্নেসা বিউটি।

তিনি জাতীয় শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির সদস্য ও কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক আলহাজ্ব আমজাদ আলী খানের সহধর্মিনী।

গতকাল বুধবার (৭ ফেব্রুয়ারি) দুপুরে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে দলীয় মনোনয়নপত্র কিনেছেন। তিনি মনোনয়ন ফরম সংগ্রহের পর সবার কাছে দোয়া চান।

সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্য হওয়ার ইচ্ছা আগেই প্রকাশ করেছিলেন মেহেরুন্নেসা বিউটি। তিনি বলেন, আমি দলীয় মনোনয়নপত্র কিনেছি আমার বিশ্বাস দল আমাকে এবার মনোনয়ন দিবে।’

তিনি আরও বলেন, আমি মহিলা শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও কুষ্টিয়া জেলা মহিলা শ্রমিক লীগের সাধারন সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছি। ‘দলীয় মনোনয়ন পেলে নারীদের নিয়ে কাজ করতে চাই। সে কারণেই সংরক্ষিত নারী আসনের দলীয় মনোনয়ন চাই। আমার বিশ্বাস,এই দায়িত্ব পালন করার মতো যোগ্যতা আমার আছে।’ ছাত্রী জীবন থেকে বর্তমান রাজনৈতিক জীবন বৃত্তান্ত।

১৯৮৬ সালে কুষ্টিয়া ইসলামিয়া কলেজ শাখায় বাংলাদেশ ছাত্রলীগের সহ-সভানেত্রী, ১৯৮৮ সালে মিলপাড়া পৌর ৪নং ওয়ার্ড মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা দায়িত্ব পালন করেন, ১৯৯১ সালে কুষ্টিয়া জেলা মহিলা আওয়ামীলীগের নির্বাহী সদস্য পদ লাভ করেন (সেসময় সম্মেলনে বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত ছিলেন), ১৯৯৮ সালে কুষ্টিয়া লালন একাডেমী আজীবন সদস্য পদ লাভ করেন, ২০০১ সালে কুষ্টিয়া নব যুবক ক্রীড়া চক্রের সহ-সভানেত্রী (জেলা ক্রীড়া সংস্থা অন্তর্ভূক্ত ক্লাব), ২০০৩ সালে কুষ্টিয়া আলী ইমাম ক্রীড়া চক্রের সহ-সভানেত্রী (জেলা ক্রীড়া সংস্থা অন্তর্ভূক্ত ক্লাব),

২০০৯ সালে কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের মহিলা বিষয়ক সম্পাদিকা লাভ করেন, ২০১০ সালে কুষ্টিয়া জেলা ক্রীড়া সংস্থার কাউন্সিলর নির্বাচিত হন, ২০১৪ সালে কুষ্টিয়া পৌরসভা কর্মচারী এমপ্লয়িজ ইউনিয়ন (সিবিএ) নির্বাচিত নির্বাহী সদস্য, ২০১৫ সালে কুষ্টিয়া জেলা মহিলা শ্রমিক লীগের সাধারন সম্পাদক হিসেবে দায়িত্ব পাওয়ার পর একনিষ্ঠ ভাবে কাজ করে যাচ্ছেন, ২০১৬ সালে বাংলাদেশ মাস্টার্স এ্যাথলেটিকস্ এসোসিয়েশনের সাধারন সম্পাদক, ২০১৬ সালে বাংলাদেশ মাস্টার্স এ্যাথলেটিকস্ দলে ১৯তম এশিয়া মাস্টার্স এ্যাথলেটিকস্ সিঙ্গাপুর সহকারী টিম ম্যানেজারের দায়িত্ব পালন।

ভারতে মাহিশুরে টিম ম্যানেজার হিসাবে দায়িত্ব পালন, ২০১৭ সালে কুষ্টিয়া জেলা জাতীয় শ্রমিক লীগের কাউন্সির অধিবেশনের মাধ্যমে যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হন, ২০১৮ সালে কুষ্টিয়া আলী ইমাম ক্রীড়া চক্র সভাপতি দায়িত্ব পালন করছেন (জেলা ক্রীড়া সংস্থা অন্তর্ভুক্ত), ২০২০ সাল থেকে সহ-সভাপতি মহিলা শ্রমিক লীগ, কেন্দ্রীয় কমিটির পদ লাভ করেন, এরপর ইউনিয়ন নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল লিয়াজো কাউন্সিল (টঘওইখঈ) কুষ্টিয়া জেলা শাখার সভাপতি হিসেবে নিজেকে মেলে ধরেছেন।

এদিকে, আজ বৃহস্পতিবার বিকেল ৪টা পর্যন্ত মনোনয়ন আবেদনপত্র সংগ্রহ ও জমা দেওয়া যাবে বলে আওয়ামী লীগের পক্ষ থেকে জানানো হয়েছে। এছাড়া প্রতিদিন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাবে।